গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
খাসজমি -২

২২ জ্যৈষ্ঠ ১৪২৫
স্মারক নং-৩১.০০.০০০০.০৪১.৬৮.০৪৭.১৮.১৯৬ তারিখঃ ----------
৫ জুন ২০১৮

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কিছু ব্যক্তি, প্রতিষ্ঠান এবং সংস্থা ভূমি মালিকানার উর্দ্ধসীমা লংঘন করে অতিরিক্ত জমি যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ক্রয় করছেন। উর্দ্ধসীমা লংঘন করে এ সব ক্রয়কৃত জমি ক্রেতার নামে রেজিষ্ট্রি করা হচ্ছে এবং অনেক ক্ষেত্রে নামজারিও করা হচ্ছে।

২। কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা বাংলাদেশ ল্যান্ড হোল্ডিংস লিমিটেশন অর্ডার, ১৯৭২(রাষ্ট্রপতির ১৯৭২ সালের ৯৮ নম্বর আদেশ) এর ৩ ধারা মোতাবেক যে কোন প্রকার ভূমি ১০০(একশত) বিঘা এবং ভূমি সংস্কার অধ্যাদেশ ১৯৮৪(১৯৮৪ সালের ১০ নম্বর অধ্যাদেশ) এর ৪ ধারা মোতাবেক নতুন করে ৬০ (ষাট) বিঘার অধিক কৃষি জমি অর্জন করতে পারবেন না। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯০ এর ১৫৮ ও ৩২৭ নম্বর অনুচ্ছেদের বিধানমতে উপযুক্ত ভূমি রাজস্ব কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে জমির মালিকানার উর্দ্ধসীমার অতিরিক্ত ক্রয়কৃত জমি বাজেয়াপ্ত করার বিধান রয়েছে।

৩। এমতাবস্থায়, কোন ব্যক্তি, পরিবার, সংস্থা বা প্রতিষ্ঠান উপযুক্ত রাজস্ব কর্মকর্তার অনুমতি ব্যতিরেকে ভূমি মালিকানার উর্দ্ধসীমা লংঘন করে জমি ক্রয় করলে আইন ও বিধিমতে ব্যবস্থা গ্রহণ বিশেষতঃ নামজারির ক্ষেত্রে আইন ও বিধি-বিধান অবশ্যই অনুসরন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-
(মোঃ আব্দুল জলিল)
সচিব
ভূমি মন্ত্রণালয়

জেলা প্রশাসক
----------(সকল)

২২ জ্যৈষ্ঠ ১৪২৫
স্মারক নং-৩১.০০.০০০০.০৪১.৬৮.০৪৭.১৮.১৯৬/১(৪৭০) তারিখঃ ----------
৫ জুন ২০১৮

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান,ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪২ মতিঝিল, বা/এ, ঢাকা।
৬। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭। বিভাগীয় কমিশনার,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৮। যুগ্মসচিব (খাসজমি), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সহকারী কমিশনার (ভূমি),---------- (সকল)।
১২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। অফিস কপি।

০৫/০৬/২০১৮
(শোয়াইব আহমাদ খান)
উপ সচিব
ফোনঃ ৯৫৪০৮৯৭

১২২০